

এসএসসির খাতা মূল্যায়ন শিক্ষার্থীদের সম্পৃক্ততা শাস্তির মুখে শিক্ষক

নিজস্ব প্রতিবেদক

২০ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

চলমান এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে গুরুতর অনিয়ম ও দায়িত্বহীনতার অভিযোগে এক শিক্ষককে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। অভিযুক্ত শিক্ষক মো. সাইফুল ইসলাম টাঙ্গাইলের বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের সহকারী শিক্ষক। গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ তথ্য প্রকাশ করা হয়। নোটিশে বলা হয়েছে, ইংরেজি প্রথমপত্রের (বিষয় কোড-১০৭) উত্তরপত্রের ওএমআর অংশ শিক্ষার্থীদের দিয়ে পূরণ করানোর অভিযোগ উঠেছে। এ সংক্রান্ত ভিডিও ও স্ক্রিনচিত্র সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি ব্যাপক আলোচনার জন্ম দেয়। প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া গেছে বলে জানিয়েছে বোর্ড।

এ ঘটনায় শিক্ষা বোর্ডের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে এবং পরীক্ষার্থীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে উল্লেখ করে অভিযুক্ত শিক্ষককে আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

নোটিশে আরও উল্লেখ করা হয়, পরীক্ষার উত্তরপত্র প্রধান পরীক্ষক বা নির্ধারিত পরীক্ষক ছাড়া অন্য কোনো ব্যক্তি, শিক্ষার্থী কিংবা পরিবারের সদস্য দিয়ে মূল্যায়ন, বৃত্ত ভরাট বা সংশ্লিষ্ট কাজ করানো সম্পূর্ণ শাস্তিযোগ্য অপরাধ।